

নবম অধ্যায়

ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি)

১. **ভূমিকাঃ** ন্যাশনাল ইলেকট্রো-মেডিক্যাল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) বাংলাদেশ সরকার ও বিশ্বস্বাস্থ্য সংস্থার আর্থিক সহায়তায় সরকারি হাসপাতালের মৌলিক মেডিকেল যন্ত্রপাতি মেরামত, রক্ষণাবেক্ষণ ও স্থাপন এবং মেডিকেল যন্ত্রপাতি ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদান, নতুন যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত বিষয়ে যন্ত্রপাতির স্পেসিফিকেশন তৈরি, গুণগতমান নির্ণয় এর লক্ষ্যে ১৯৮৩ সনে ঢাকাস্থ, মহাখালীতে অত্র প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা লাভ করে। বর্তমানে এটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্থায়ী রাজস্বখাতভুক্ত একটি প্রতিষ্ঠান।
২. **কর্মপরিধিঃ** সমগ্র বাংলাদেশের সরকারি হাসপাতালের মেডিকেল যন্ত্রপাতি মেরামত, রক্ষণাবেক্ষণ ও স্থাপন এবং মেডিকেল যন্ত্রপাতি ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদান। নতুন মেডিকেল যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত বিষয়ে যন্ত্রপাতির স্পেসিফিকেশন তৈরি, গুণগতমান নির্ণয়।

৩. সাংগঠনিক কাঠামো ও জনবল এবং কর্মবন্টনঃ

সাংগঠনিক কাঠামোঃ

১ম শ্রেণী	১৩টি
২য় শ্রেণী	১৪টি
৩য় শ্রেণী	৪৭টি
৪র্থ শ্রেণী	২১টি
মোট পদ সংখ্যা	৯৫টি

কর্মবন্টনঃ

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	পদের কর্মবন্টন
১।	চীফ টেকনিক্যাল ম্যানেজার	০১	চীফ টেকনিক্যাল ম্যানেজার পদটি নিমিউ এন্ড টিসি এর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার পদ। এই পদে কর্মরত কর্মকর্তার দায়িত্ব সমূহ নিম্নে প্রদত্ত হলঃ- ক) নিমিউ এন্ড টিসি এর অর্থনৈতিক এবং প্রশাসনিক দায়িত্বসমূহ পালন খ) নিমিউ এন্ড টিসি এবং ১৮টি জেলা ইলেকট্রো-মেডিক্যাল ওয়ার্কশপকে কারিগরি নির্দেশনা ও পরামর্শ প্রদান করা গ) হাসপাতাল যন্ত্রপাতি সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে নিমিউ এন্ড টিসি কর্তৃক হাসপাতাল যন্ত্রপাতি পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ঘ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ হাসপাতাল এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের নতুন হাসপাতাল যন্ত্রপাতি সংগ্রহের উদ্দেশ্যে সকল প্রকার কারিগরি

			সহযোগিতা প্রদান করা। মেরামত অযোগ্য হাসপাতাল যন্ত্রপাতিতে অকেজো / কনডেম ঘোষণার লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান করা।
২।	টেকনিক্যাল ম্যানেজার (মেরামত)	০১	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ হাসপাতালসমূহের যন্ত্রপাতি জরুরি ভিত্তিতে মেরামতের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালনা। এই পদে কর্মরত কর্মকর্তার দায়িত্বসমূহ নিম্নে প্রদত্ত হলঃ- ক) নিমিউ এন্ড টিসি এর অভ্যন্তরে ওয়ার্কশপের মাধ্যমে মেডিকেল যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের কার্যক্রম পরিচালনা করা খ) মেরামত কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ নিরূপণ গ) ঢাকা অথবা ঢাকার বাইরে হাসপাতালসমূহের যন্ত্রপাতিসমূহ জরুরি ভিত্তিতে মেরামতের লক্ষ্যে কারিগরি দল প্রেরণ ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করা ঘ) ব্যবহার অযোগ্য হাসপাতাল যন্ত্রপাতিসমূহ কনডেম ঘোষণার উদ্দেশ্যে ফেইস ভ্যালু নির্ধারণ করা। এ ছাড়াও কেন্দ্রীয় ভান্ডারসহ অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের যন্ত্রপাতি সংগ্রহ, মেরামতসহ সকল প্রকার কারিগরি সহযোগিতা এবং অন্যান্য বিবিধ দায়িত্বসমূহ পালন।
৩।	টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং)	০১	এই পদে কর্মরত কর্মকর্তার দায়িত্বসমূহ নিম্নে প্রদত্ত হলঃ- ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের যন্ত্রপাতি সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের স্বার্থে সংশ্লিষ্ট জনবলকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা খ) নিমিউ এন্ড টিসি এবং জেলা ইলেকট্রো-মেডিক্যাল ওয়ার্কশপ কারিগরি জনবল এবং হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মূল্যবান যন্ত্রপাতির ব্যবহারকারী জনবলকে রক্ষণাবেক্ষণ ও মেরামতের বিষয়ে প্রয়োজনীয় কারিগরি প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম পরিচালনা করা গ) নিমিউ এন্ড টিসি কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচির কারিকুলাম প্রণয়ন করা।

৪. ২০১০-২০১১ ও ২০১১-২০১২ অর্থ বছরের বাজেট বরাদ্দ (অনুন্নয়ন ও উন্নয়ন) ও ব্যয়

অর্থ বছর	বাজেট বরাদ্দ	ব্যয়
২০১০-২০১১	২,৯৭,৬৭,০০০/-	২,৯৫,৮৯,০০০/-
২০১১-২০১২	৩,২৭,৩৪,০০০/-	৩,৩৮,৭৬,০০০/-

৫. কর্মসম্পাদন প্রতিবেদনঃ অত্র দপ্তরের বিদ্যমান ৬টি শাখার মাধ্যমে হাসপাতালের চাহিদা মোতাবেক (২০১০-২০১১) অর্থ বছরে ৪৫৬ (চারশত ছাশান্ন) টি এবং (২০১১-২০১২) অর্থ বছরে ৪৩০ (চারশত ত্রিশ) টি অকেজো মেডিকেল যন্ত্রপাতি মেরামত করে সচল করা হয়েছে।

৬. ভবিষ্যত পরিকল্পনাঃ

- ১। ১৮ টি জেলা মেডিকেল ওয়ার্কশপকে নিমিউ এর সাংগাঠনিক কাঠামোর মধ্যে নিয়ে আসা এবং প্রশিক্ষণ প্রদান করে পুনরায় মেরামত কাজে নিয়োজিত করা।
- ২। জনসংখ্যা বৃদ্ধির কারণে হাসপাতাল সংখ্যা এবং প্রযুক্তির উন্নতির ফলে অত্যাধুনিক যন্ত্রপাতির সংখ্যাও উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। সময়ের ব্যবধানে অনেক কর্মকর্তা কর্মচারী অবসর গ্রহণ করেছে। বর্তমানে নিমিউ এন্ড টিসিতে জনবল প্রয়োজনের তুলনায় অপ্রতুল। ফলশ্রুতিতে অত্র দপ্তরের জনবলের অবকাঠামো দ্বারা সমগ্র বাংলাদেশের হাসপাতাল যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্য যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করা সম্ভব হয়ে উঠে না। কর্মপরিধি অনুযায়ী কারিগরি জনবল বৃদ্ধি ও যন্ত্রপাতির উপর উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হলে গুরুত্বপূর্ণ মেডিকেল যন্ত্রপাতি মেরামত করা সম্ভব হবে। হাসপাতাল যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্য যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করার পরিকল্পনা নিয়ে নিমিউ এন্ড টিসি-কে আগ্রহে করার প্রস্তাব স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।